

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৩৫(আগরতলা, ২০।৩)
জিরানীয়া, ২০ মার্চ ২০১৭

জিরানীয়ায় বসন্ত উৎসব

জিরানীয়া তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ১৮ মার্চ অগ্নিবীণা টাউন হলে মহকুমা ভিত্তিক বসন্ত উৎসব অনুষ্ঠিত হয়। বিধায়ক মনোরঞ্জন দেববর্মা এর উদ্বোধন করে বলেন, বসন্ত উৎসব সকলকে ঐক্য ও সংহতির সুরে বাঁধতে সাহায্য করে। এই লক্ষ্যেই তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে প্রতি বছর এ উৎসব আয়োজিত হচ্ছে। অনুষ্ঠানে বসন্ত উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন জিরানীয়া নগর পঞ্চায়েত চেয়ারপার্সন প্রদীপ দেবনাথ ও পশ্চিম জিলা পরিষদের প্রাক্তন সদস্য তপন দাস। সভাপতিত্ব করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহাররঞ্জন শূর, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব কেশব ভট্টাচার্য প্রমুখ। স্বাগত ভাষণ দেন জিরানীয়া তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আই সি ও। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার ১৭০ জন শিল্পী বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com